



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
বাংলাদেশ

স্মারক নং- (০৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/PGDSM/ ১৪৪০৬

তারিখ : ২২/০২/২০২৬

(একই তারিখ ও স্মারকের স্ফুলাভিষিক্ত)

সংশোধিত ফরম পূরণের বিজ্ঞপ্তি :

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের **Post-Graduate Diploma in Security Management (PGDSM)** ২য় সেমিস্টার পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদনফরম, বিবরণী ফরম ও ফি জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো :

১। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমা করার তারিখ :

ক)	পরীক্ষার্থীকে অন-লাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা ও শেষ তারিখ	২৩/০২/২০২৬ হতে ০৫/০৩/২০২৬
খ)	কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়ন করার সময়সীমা	০৮/০৩/২০২৬
গ)	কলেজ কর্তৃক ফরমপূরণের ফি এর টাকা “সোনালী সেবা” এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়ার তারিখ	০৯/০৩/২০২৬ হতে ১০/০৩/২০২৬
	বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে কলেজে সংরক্ষণ করবেন।	

২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :

ক। পরীক্ষার ফি (তত্ত্বীয়)	৭,৫০০/-
খ। মানোন্নয়ন (প্রতিপত্র)	১৫০০/-
গ। ব্যবহারিক কেন্দ্র ফি (কলেজে জমা হবে)	৫০০/-
ঘ। ব্যবহারিক ফি (প্রতিপত্র) (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)	৭০০/-
ঙ। কেন্দ্র ফি (কলেজে জমা হবে ১০০/-, কেন্দ্র ৬০০/-)	৭০০/-
চ। সাময়িক সনদ	৫০০/-
ছ। ট্রান্সক্রিপ্ট ফি	৫০০/-

৩। পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে পারবে :

পরীক্ষার নাম	শিক্ষাবর্ষ নিয়মিত	শর্তাবলী
২০২৪ সালের Post-Graduate Diploma in Security Management (PGDSM) ২য় সেমিস্টার	২০২৩-২০২৪	১। উক্ত শিক্ষা বর্ষের বাইরে কেউ ফরম পূরণ করতে পারবে না।

৪। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০২৪ সালের **Post-Graduate Diploma in Security Management (PGDSM)** কোর্সের রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

- আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) এ গিয়ে **Apply to online form Fill-up (For Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।
- প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আঁকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ/পরিচালক স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।
- যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত তারিখের মধ্যে জানাতে হবে এবং পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।

৬। অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য) :

- পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকার (Probable List) সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd) এ গিয়ে College Log in (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। উল্লেখ্য **Incourse** নম্বর ছাড়া ফরম পূরণ নিশ্চয়ন হবে না (মানোন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত)।

(স্বাক্ষর)

- খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।
- ঘ) শিক্ষার্থীর ডাটা সফটওয়্যারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা ওহসরহব এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।
- ঙ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথাযথনিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
- চ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয়, তবে তা সরবরাহ করতে হবে। (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর দুই বছর পর্যন্ত অধ্যক্ষ সংরক্ষণ করবেন)
- ছ) বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।

৭। বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী :

- ক) বিবরণী ফরম অন-লাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে। বিশ্ববিদ্যালয় প্রয়োজনে সংগ্রহ করাবে।
- খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ডিডি করার পরিবর্তে “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।
- গ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <https://03.113.200.36/PAMS/> এ Service মেনুতে গিয়ে সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে। এবং ফি জমার পর কলেজের Status paid হয়েছে কিনা নিজ দায়িত্বে যাচাই করতে হবে।
- ঘ) Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ঙ) ব্যাংকে প্রচলিত অন্য কোন পদ্ধতিতে কোনক্রমেই ফি প্রদান করা যাবে না। পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না। শুধুমাত্র সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৭২-২১৫৯১৪ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- চ) প্রশ্নপত্রের চাহিদা ও ইনকোর্সের ম্যানুয়াল কপি জমা দিতে হবে।

৮। ইনকোর্স নম্বর জমা দেওয়ার নিয়মাবলী :

ইনকোর্স নম্বরের প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে। বিশ্ববিদ্যালয় প্রয়োজনে সংগ্রহ করা হবে।

০৯। পরীক্ষা পরিচালনা :

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রে ফি বাবদ আদায়কৃত অর্থের ৭০০/- টাকার মধ্যে ৬০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
E-mail : controller@nu.ac.bd

স্মারক নং- (০৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/PGDSM/ ১৪৪০৮

তারিখ : ২২/০২/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৩। জেলা প্রশাসক/ট্রেজারী অফিসার, সংশ্লিষ্ট জেলা।
- ৪। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কলেজ।
- ৫। পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৬। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-১ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-২ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৯। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ১০। অফিস কপি।

✓
26.2.26
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ